



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

তারিখ : ২০.০৮.২০১৭

স্মারক নং- বশিবো.কলেজ.অনু.: ২০১৭. ৫৫০৭

বিষয় : ব্যবসায় শিক্ষা শাখা এবং সমাজ বিজ্ঞান বিষয়ের একাডেমিক স্বীকৃতি প্রদান

উপরোক্ত বিষয় ও সূত্র মোতাবেক এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১০.০৮.২০১৭ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরিশাল শিক্ষা বোর্ডের কলেজ মঞ্জুরী কমিটি ও বোর্ড কমিটির অনুমোদন ও নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ফজিলা রহমান মহিলা কলেজ, ডাকঘর : কৌরিখাড়া, উপজেলা : নেছারাবাদ, জেলা : পিরোজপুর -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা শাখার হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের একাডেমিক স্বীকৃতি ০১.০৭.২০১১ হতে ৩০.০৬.২০১৮ খ্রি. পর্যন্ত ০৭ (সাত) বছরের জন্য এবং মানবিক শাখার সমাজ বিজ্ঞান বিষয়ের একাডেমিক স্বীকৃতি ০১.০৭.২০১৩ হতে ৩০.০৬.২০১৮ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে। এ আদেশ বাতিল, স্থগিত, সংশোধন এবং সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ: ১৩ জুন ২০১৩ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তি একাদশ-দ্বাদশ শ্রেণির পরিমার্জিত বিষয় কাঠামোর প্রেক্ষিতে ইতোপূর্বে অনুমোদিত অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এবং সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের অনুমতি বাতিল করা হলো। তবে শিক্ষার্থীদের নিবন্ধনের মেয়াদ থাকা পর্যন্ত তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

## শর্তাবলী :

- ১) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে।
- ২) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ৩) জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ৪) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ৫) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

২০.০৮.১৭  
টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫  
ই-মেইল: [drliyaquat@gmail.com](mailto:drliyaquat@gmail.com)

## অধ্যক্ষ

ফজিলা রহমান মহিলা কলেজ

ডাকঘর : কৌরিখাড়া

উপজেলাঃ নেছারাবাদ, জেলাঃ পিরোজপুর

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

০১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০২. সিস্টেম এনালিস্ট, অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
০৩. সেকশন অফিসার, কাউন্সিল শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০৪. সংক্ষণ নথি